# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৮

১/ বিবিধ

আরবী

من أخلص لله أربعين يوما ظهرت ينابيع الحكمة على لسانه
ضعيف

أخرجه أبو نعيم في " الحلية " (5 / 189) من طريق محمد بن إسماعيل: حدثنا أبو خالد يزيد الواسطي أنبأنا الحجاج عن مكحول عن أبي أيوب الأنصاري مرفوعا به، وقال أبو نعيم: كذا رواه يزيد الواسطي متصلا، ورواه أبو معاوية عن الحجاج فأرسله
قلت: ثم ساقه من طريق هناد بن السري حدثنا أبو معاوية عن حجاج عن مكحول مرسلا
وكذلك رواه الحسين المروزي في " زوائد الزهد " (1 / 204 من " الكواكب " /575) وابن أبي شيبة في " المصنف " (13 / 231) وهناد في " الزهد " (رقم 678) من طريقه عن حجاج به
فالحديث إذا عن حجاج عن مكحول مرسل، ووصله لا يصح، وقد أورده ابن الجوزي في " الموضوعات " (3 / 144) من طريق أبي نعيم الموصول ثم قال: لا يصح، يزيد بن أبي يزيد عبد الرحمن الواسطي كثير الخطأ، وحجاج مجروح، ومحمد بن إسماعيل مجهول، ولا يصح سماع مكحول لأبي أيوب
وتعقبه السيوطي في " اللآليء المصنوعة " (2 / 176) بقوله: قلت: اقتصر العراقي في " تخريج الإحياء " على تضعيف الحديث، وله طريق عن مكحول مرسل ليس فيه محمد بن إسماعيل ولا يزيد

قلت: ثم ذكره من طريق أبي نعيم وغيره عن حجاج عن مكحول مرسلا، وسكت عليه وهو ضعيف لأن حجاجا وهو ابن أرطاة مدلس وقد عنعنه، ثم هو مرسل، والحديث أورده الصغاني في " الأحاديث الموضوعة " (ص 7)
ثم وجدت له طريقا آخر، رواه القضاعي (30 / 1) عن عامر بن سيار قال: أنبأنا سوار بن مصعب عن ثابت عن مقسم عن ابن عباس مرفوعا وقال: كأنه يريد بذلك من يحضر العشاء الآخرة والفجر في جماعة، ومن حضرها أربعين يوما يدرك التكبيرة الأولى كتب له براءتان
لكن سوار هذا متروك كما قال النسائي وغيره

বাংলা

৩৮। যে ব্যাক্তি চল্লিশ দিনকে নিছক আল্লাহর উদ্দেশ্যে নির্দিষ্ট করবে, তাঁর ভাষায় বিচক্ষণতার ঝর্ণাধারা উদ্ভাসিত হবে।

হাদীসটি দুর্বল।

হাদীসটি আবু নু'য়াইম “আল-হিলইয়্যাহ” গ্রন্থে (৫/১৮৯) মুহাম্মাদ ইবনু ইসমাঈল সুত্রে আবূ খালেদ ইয়াযীদ ওয়াসেতী হতে, তিনি হাজ্জাজ হতে ... বর্ণনা করেছেন।

এছাড়া হুসাইন আল-মারওয়ায়ী “জাওয়ায়েদুয যুহুদ” গ্রন্থে (১/২০৪), ইবনু আবী শাইবাহ “আল-মুসান্নাফ" গ্রন্থে (১৩/২৩১) ও হান্নাদ “আল-যুহুদ” গ্রন্থে (৬৭৮ নং) উল্লেখ করেছেন। ইবনুল জাওযী হাদীসটি তার “মাওযূ"আত” গ্রন্থে (৩/১৪৪) আবু নয়াইম সূত্রে উল্লেখ করে বলেছেনঃ হাদীসটি সহীহ নয়। ইয়াযীদ ইবনু আবী ইয়াযীদ আব্দুর রহমান ওয়াসেতী অধিক পরিমাণে ভুল করতেন, হাজ্জাজ ত্রুটি যুক্ত ব্যক্তি, মুহাম্মাদ ইবনু ইসমাঈল অপরিচিত এবং আবু আইউব (রাঃ) হতে মাকহুলের শ্রবণ সাব্যস্ত হয়নি।

সুয়ূতী “আল-লাআলী” গ্রন্থে (২/১৭৬) তার সমালোচনা করে বলেছেনঃ ইরাকী “তাখরীজুল ইহইয়া” গ্রন্থে শুধুমাত্র দুর্বল বলেই ক্ষান্ত হয়েছেন। মাকহুল হতে মুরসাল হিসাবে তার অন্য একটি সূত্র রয়েছে, যাতে মুহাম্মাদ ইবনু ইসমাইল ও ইয়াযীদ নেই।

আমি (আলবানী) বলছিঃ সনদে বর্ণিত হাজ্জাজ হচ্ছেন ইবনু আরতাত-তিনি মুদাল্লিস, আন আন শব্দে বর্ণনা করেছেন। তা সত্ত্বেও মুরসাল। হাদীসটিকে সাগানী “আহাদীসুল মাওযু আত” গ্রন্থে (পৃ ৭) উল্লেখ করেছেন।

এ হাদীসটির অন্য একটি সনদ পেয়েছি, সেটি কাযাঈ বর্ণনা করেছেন। তাতেও সেওয়ার ইবনু মুস’য়াব নামক

একজন বর্ণনাকারী রয়েছেন। তার সম্পর্কে নাসাঈ সহ প্রমুখ মহাদিসগণ বলেছেনঃ তিনি মাতরূক। সুতরাং হাদীসটি দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5299

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন